

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৯

২. সুন্নাহ (کتاب السنة)

পরিচ্ছেদঃ ১) কুরআন ও সুন্নাহর অনুসরণের প্রতি উৎসাহ দান

الترغيب في اتباع الكتاب والسنة

আরবী

(صحيح لغيره) وروي عَنْ مُحَمَّدِ بن جُبَيْرِ بن مُطْعِمٍ ، عَنْ أَبِيهِ ، قَالَ : كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ ، بِالْجُحْفَةِ فَقَالَ: أَلَيْسَ تَشْهَدُونَ أَنْ لا إِلَهَ إِلا اللَّهُ وحده لا اللَّهِ مَلَيْ مَسُولُ اللَّهِ ، وَأَنَّ الْقُرْآنَ جَاءَ مِنْ عِنْدِ اللَّهِ ؟ قُلْنَا : نَعَمْ ، قَالَ: فَأَبْشِرُوا فَإِنَّ هَذَا الْقُرْآنَ طَرَفُهُ بِيَدِ اللَّهِ ، وَطَرَفُهُ بِأَيْدِيكُمْ ، فَتَمَسَّكُوا بِهِ، فإنكم لن تُهْلَكُوا ولن تضلوا بَعْدَهُ أَبَدًا.

رواه البزار والطبراني في الكبير والصغير

বাংলা

৩৯. (সহীহ্ লি গাইরিহী) জুবাইর বিন মুতইম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা 'জুহফা' নামক স্থানে একদা নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর সাথে ছিলাম। তখন তিনি বললেনঃ

"তোমরা কি সাক্ষ্য দাও না যে, আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই এবং আমি আল্লাহর রাসূল, আর কুরআন আল্লাহর নিকট থেকে এসেছে?

আমরা বললাম, হাাঁ।

তিনি বললেনঃ ''অতএব তোমরা সুসংবাদ গ্রহণ করো, এই কুরআনের একাংশ আল্লাহর হাতে, আরেকাংশ তোমাদের হাতে। তোমরা উহাকে আঁকড়ে ধর। তাহলে তোমরা তার পরে (কুরআন আঁকড়ে ধরার পরে) কখনই ধ্বংস হবে না, কখনই বিভ্রান্ত হবে না।''

(হাদীছটি বর্ণনা করেছেন বায্যার ও ত্বাবরানী [কাবীর ও আওসাত] গ্রন্থে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত'ইম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন